

# ঢাবির ‘খ’ ইউনিটের পরীক্ষা কাল, প্রতি আসনে লড়ছেন ৪২ শিক্ষার্থী

অনলাইন ডেস্ক

৫ মে ২০২৩ ১০:০২ পিএম | আপডেট: ৫ মে ২০২৩  
১০:০২ পিএম

5  
Shares



প্রতীকী ছবি।

advertisement

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কলা অনুষদভুক্ত ‘খ’ ইউনিটের ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা আগামীকাল শনিবার শুরু হবে। আগামীকাল বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং দেশের আটটি বিভাগীয় শহরে একযোগে হবে এ পরীক্ষা শুরু হবে।

এবার ‘খ’ ইউনিটে অংশ নেবেন এক লাখ ২২ হাজার ৮৮৫ শিক্ষার্থী। আসনসংখ্যা দুই হাজার ৯৩৪টি। সে হিসেবে এক আসনের বিপরীতে পরীক্ষায় বসবেন প্রায় ৪২ জন।

পরীক্ষার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কলা ভবন কেন্দ্র পরিদর্শন করবেন।

advertisement

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিস থেকে পাওয়া তথ্যমতে, ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তির জন্য ২ লাখ ৯৮ হাজার ৪২৯ জন প্রার্থী আবেদন করেছেন। সে অনুযায়ী ৪টি ইউনিটে ৫ হাজার ৯৬৫ আসনের বিপরীতে প্রতিটি আসনের জন্য লড়বেন প্রায় ৫০ জন শিক্ষার্থী।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক, খ, গ ও ঘ ইউনিটে এবার মোট ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা হচ্ছে। এর মধ্যে ৬০ নম্বরের বহুনির্বাচনী ও লিখিত অংশে ৪০ নম্বর। দুই অংশের উত্তর দেওয়ার জন্য ৪৫ মিনিট করে মোট ৯০ মিনিট সময় থাকবে।

advertisement

‘চ’ ইউনিটে সাধারণ জ্ঞান অংশে ৪০ নম্বরের বহুনির্বাচনী পরীক্ষা হবে। এর উত্তর দেওয়ার জন্য সময় থাকবে ৩০ মিনিট। এ পরীক্ষার ফলের ভিত্তিতে পরে মেধাক্রম অনুযায়ী ১ হাজার ৫০০ জন ৬০ নম্বরের অঙ্কন পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবেন। ওই পরীক্ষার জন্য বরাদ্দ থাকবে ৪৫ মিনিট।

পাঁচটি ইউনিটেই প্রাপ্ত নম্বরের সঙ্গে এসএসসি ও এইচএসসির জিপিএর ওপর ১০ করে মোট ২০ নম্বর যোগ করে মেধাতালিকা প্রস্তুত করা হবে।